গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০২১.২৬-৬৮৬৪/৭ তারিখ ২৫/০৮/২০২৬ খ্রি.

বিষয়: গত ২৮ জুলাই ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনপূর্বক অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে শিক্ষকদের ভালো কাজের স্বীকৃতিস্বরূপ পদক ও পুরস্কারের ব্যবস্থা করে তাঁদের পাঠদান ও নেতৃত্বগুন বিকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: গত ২৮ জুলাই ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনপূর্বক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮ জুলাই ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষার মানোন্নয়নে কর্মপরিকল্পনা প্রনয়নপূর্বক তা বাস্তবায়নের সদয় নির্দেশনা প্রদান করেন। এ লক্ষ্যে শিক্ষকদের ভালো কাজের স্বীকৃতিস্বরূপ পদক ও পুরস্কারের ব্যবস্থা করে তাঁদের পাঠদান ও নেতৃত্বগুণ বিকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্বীকৃত শিক্ষক মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত মানদন্ডসমূহ বিবেচনা করা যেতে পারে-**

- শিক্ষাগত যোগ্যতা
- শিক্ষকতার অভিজ্ঞতা
- বিষয়ভিত্তিক জ্ঞান ও নিষ্ঠা
- শিক্ষা উপকরণ ব্যবহারে দক্ষতা
- মূল্যায়ন পারদর্শিতা/প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়নে দক্ষতা
- ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব
- চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও উদ্যম
- পোশাক-পরিচ্ছদ ও চ্যালেঞ্জ গ্রহণের সক্ষমতা
- শ্রেণিকক্ষে প্রযুক্তি ব্যবহারের দক্ষতা
- পাঠ্যপুস্তক প্রণয়নে অবদান
- পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা
- গুণগতমানের শিক্ষার উদ্ভাবনী/সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নির্দেশনা এবং কমিটির কাজে দক্ষতা ও আর্থিক শৃঙ্খলা
- কার্যকর শ্রেণি কার্যক্রম পরিচালনায় পারদর্শিতা
- সবুজ ও পরিচ্ছন্ন ক্যাম্পাস এবং স্বাস্থ্য বিধি অনুযায়ী প্রতিষ্ঠান পুন:সজ্জিতকরণ

২৫/০৮/২০২৬

(প্রফেসর মো: নাজমুল হক)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
০২-৪১০৫৩৮২

শিক্ষা প্রতিষ্ঠান (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (পত্রে বর্ণিত বিষয়টি বাস্তবায়নে মনিটরিংপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৩. অধ্যক্ষ, …………, সকল (পত্রে বর্ণিত বিষয়টি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধসহ);
০৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, সকল অঞ্চল (পত্রে বর্ণিত বিষয়টি বাস্তবায়নে মনিটরিংপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৫. জেলা শিক্ষা অফিসার,……… সকল (পত্রে বর্ণিত বিষয়টি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ);
০৬. প্রধান শিক্ষক, …………………,সকল (পত্রে বর্ণিত বিষয়টি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধসহ);
০৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল (পত্রে বর্ণিত বিষয়টি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ);
০৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৯. সংরক্ষণ নথি।